অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আসন্ন 4 জুলাইয়ের ছুটির সময় সতর্ক থাকতে তাগিদ দিলেন এবং আতশবাজির ব্যাপারে নিরাপত্তা পরামর্শ দিলেন

4 জুলাইয়ের উইকেন্ডে সাধারণত আতশবাজির কারণে আহত হওয়ার ঘটনা বাড়তে দেখা যায়

আহত হওয়ার ঘটনা বা অযাচিত অগ্নিকাণ্ড এড়াতে আতশবাজির পাবলিক প্রদর্শনীতে যান এবং বৈধ স্পার্কলিং ডিভাইস ব্যবহার করার সময় আগুনের নিরাপত্তাকে অগ্রাধিকার দিন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে আসন্ন 4 জুলাইয়ের ছুটির সময় নিরাপদ থাকার কথা স্মরণ করিয়ে দিলেন। বৈধ স্পার্কলিং ডিভাইস দিয়ে ইন্ডিপেন্ডেন্স ডে (Independence Day) উদযাপনের সময় নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদ থাকতে পারে সেই ব্যাপারে সাহায্য করতে একটি মাল্টি-এজেন্সি চেষ্টার অংশ হিসেবে, ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES), অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (Office of Fire Prevention and Control) এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) সাথে নিয়ে নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) ডিভিশন অফ কনজিউমার প্রোটেকশন (Division of Consumer Protection) পরামর্শ দিয়েছে।

"গভর্নর হিসেবে, জননিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং সেজন্য এই ছুটির উইকেন্ডকে সতর্কভাবে উদযাপন করার জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "যারা বৈধ স্পার্কলিং ডিভাইস ব্যবহার করবেন তাদের সবসময় নির্দেশনা মেনে চলা, শিশু এবং দর্শককে নিরাপদ দূরত্বে রাখা উচিত, এবং একসাথে একটির বেশি জ্বালানো উচিত না যাতে তারা নিজেদের ও নিজেদের প্রিয়জনকে আতশবাজির কারণে আহত হওয়া থেকে সুরক্ষিত রাখতে পারেন, যা প্রতিরোধযোগ্য।"

প্রতি বছর হাজার হাজার মানুষ আতশবাজি ব্যবহার করতে গিয়ে আহত হন, যাদের মধ্যে অনেক শিশু, কিশোর এবং কমবয়সী প্রাপ্তবয়স্ক থাকেন। আহত হওয়ার অধিকাংশ ঘটনা 4 জুলাইয়ের কাছাকাছি সময়ে হয়ে থাকে। কনজিউমার প্রোটেকশন সেফটি কমিশনের (Consumer Protection Safety Commission, CPSC) সংগ্রহ করা সর্বশেষ ডেটাতে রিপোর্ট

রয়েছে যে 2024 সালে ইউনাইটেড স্টেটসের (United States) আতশবাজির কারণে 14,700টি আহত হওয়ার ঘটনা হয়েছে, যা 2023 সালের তুলনায় 52 শতাংশ বেশি। CPSC-এর সর্বশেষ প্রকাশনা অনুযায়ী, 25 থেকে 44 বছর বয়সের প্রাপ্তবয়স্কদের আহত হওয়ার ঘটনার সবথেকে বেশি রিপোর্ট এসেছে।

আতশবাজি সম্পর্কিত আঘাতের সাধারণ কারণগুলি হলো:

- ছুড়ে ফেলার আগেই একটি ফাস্ট-ফিউজের পটকা ফেটে যাওয়া।
- ভুল দিকে ছুড়ে দেওয়া রকেট দর্শকের গায়ে গিয়ে পড়া।
- দেখতে যাওয়া যে একটি পটকা ফাটতে "ব্যর্থ" কেনো হয়েছে।

ন্যাশনাল ফায়ার প্রোটেকশন অ্যাসোসিয়েশন (National Fire Protection Association) অনুযায়ী, প্রতিবছর আতশবাজির কারণে আনুমানিক 20,000 আগুন লাগে, যার মধ্যে কাঠামোতে আগুন, যানবাহনে আগুন, এবং ঘরের বাইরে আগুন রয়েছে।

সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি মোসলি) বলেন, "ইন্ডিপেন্ডেন্স ডে-এর উদযাপন শুরু করার সময় নিরাপত্তাকে সবসময় অগ্রাধিকার দেওয়া অতি গুরুত্বপূর্ণ। বৈধ স্পার্কিং ডিভাইসগুলিও সঠিকভাবে ব্যবহার না করলে মারাত্মক কোঠি করতে পারে, তাই সবথেকে নিরাপদ বিকল্প হলো আতশবাজির কাজটি পেশাদারদের হাতে ছেড়ে দিন। কিন্তু আপনি যদি স্পার্কলিং ডিভাইস ব্যবহার করতে চান, তাহলে আহত হওয়া এবং আগুন ঠেকাতে এইসব পরামর্শ মেনে চলা নিশ্চিত করুন।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "আতশবাজির কাজটি পেশাদারদের হাতে ছেড়ে দিয়ে এই ছুটির সময়ে ইমার্জেন্সি রুমে যাওয়া এড়ান। নিরাপত্তা সবসময় প্রথম অগ্রাধিকার, এবং স্পার্কলিং ডিভাইস মারাত্মক ক্ষতির কারণ হতে পারে। একটি ইভেন্টে গিয়ে বা বাড়িতে একটি আতশবাজির শো স্ট্রিম করে আপনার ছুটির দিন উপভোগ করুন।"

নিউ ইয়র্ক স্টেটের (New York State) হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "আতশবাজি একটি ক্ষতি করে না এমন মজা বলে মনে হতে পারে, কিন্তু এতে সত্যিকারের বিপদের ঝুঁকি আছে, বিশেষ করে কমবয়সীদের জন্য। প্রতি বছর আমরা এমন দুর্ঘটনার জন্য অনেক বেশি ইমার্জেন্সি ভিজিট দেখি, যা প্রতিরোধ করা সম্ভব। এবারের ফোর্থ অফ জুলাইয়ে আমি নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য, ট্রেনিং পাওয়া পেশাদারদের হাতে আতশবাজির ব্যাপারটি ছেড়ে দেওয়ার জন্য, এবং পরিবার ও বন্ধুদের সাথে সময় কাটানো উপভোগ করার জন্য সকল নিউ ইয়র্কবাসীদের তাগিদ দিচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের (Department of Labor, NYSDOL) কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "বন্ধু ও পরিবারদের সাথে একত্রিত হয়ে পেশাদার আতশবাজির প্রদর্শনী দেখা হলো পুরো নিউ ইয়র্ক স্টেটে ফোর্থ অফ জুলাইয়ের

জন্য একটি বহুদিনের ঐতিহ্য। প্রত্যেক শো-য়ের আগে আতশবাজির প্রদর্শনীর অপারেটরদের খুঁটিনাটি পরীক্ষা করার মাধ্যমে এইসব ইভেন্ট যাতে সকলের জন্য নিরাপদ এবং উপভোগ করার মতো হয় তা নিশ্চিত করার ব্যাপারে ডিপার্টমেন্ট অফ লেবার প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের ইন্ডাস্ট্রি ইন্সপেকশন (Industry Inspection) ইউনিট প্রতি বছর পুরো স্টেটের 350টি NYSDOL সার্টিফাইড পাইরোটেকনিশিয়ানদের নিরাপত্তা অপারেশন ও স্টোরেজ ভালোভাবে পরীক্ষা করে দেখে। NYSDOL এছাড়াও প্রতি বছর প্রায় 120টি পাইরোটেকনিক শো পরীক্ষা করার মাধ্যমে নিশ্চিত করে যাতে নিয়মকানুন মেনে চলা হয়। পাইরোটেকনিক অনুমতির ব্যাপারে আরো জানতে ওয়েবপেজটি ভিজিট করুন।

আতশবাজি - নিউ ইয়র্ক স্টেটে কীসের জন্য অনুমতি আছে এবং কীসের জন্য নেই

কীসের জন্য অনুমতি আছে:

প্রতি বছর 1 জুন থেকে 5 জুলাই পর্যন্ত নিবন্ধিত বিক্রেতার কাছ থেকে স্পার্কলিং ডিভাইস ক্রয় করা। স্পার্কলিং ডিভাইস হলো মাটিতে বসানোর বা হাতে ধরার স্পার্কলিং ডিভাইস যা রঙিন স্ফুলিঙ্গের বর্ষণ সৃষ্টি করে বা রঙিন শিখা, ফাটার বা শিষের মতো শব্দ এবং ধোঁয়া সৃষ্টি করে। এগুলি বাতাসে নিক্ষেপ করা যায় না।
এমন শহরে স্পার্কলিং ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করার অনুমতি আছে যেখানে জনসংখ্যা এক মিলিয়নের কম এবং স্থানীয় আইন অনুযায়ী অনুমতি আছে। আপনার শহর, টাউন, বা কাউন্টিতে সেই স্পার্কলিং ডিভাইসটি বৈধ কিনা তা পরীক্ষা করে নিন কারণ আইন পরিবর্তন হতে পারে। আপনার এলাকায় সেই স্পার্কলিং ডিভাইসের ব্যবহারের অনুমতি আছে কিনা তা জিজ্ঞেস করতে আপনি আপনার স্থানীয় শেরিফের অফিসে যোগাযোগ করতে পারেন।

স্পার্কলিং ডিভাইস ব্যবহার করার জন্য ব্যবহারকারীকে 18 বছর বা তার বেশি বয়সী হতে হবে।

কী বৈধ নয়:

এক মিলিয়নের বেশি জনসংখ্যার শহরে বা স্থানীয় আইন দ্বারা যেখানে নিষিদ্ধ সেখানে স্পার্কলিং ডিভাইস সাথে রাখা বা ব্যবহার, যার মধ্যে নিউ ইয়র্ক সিটি এবং নিম্নের কাউন্টিসমূহ রয়েছে: অ্যালবানি (Albany), কলাম্বিয়া (Columbia), ইরি (Erie), নাসাউ (Nassau), অরেঞ্জ (Orange) (শুধু মিডলটাউন (Middletown) এবং নিউবার্গ (Newburgh) শহরে নিষিদ্ধ), স্কেনেকট্যাডি (Schenectady), সাফোক (Suffolk), ওয়ারেন (Warren) এবং ওয়েস্টচেস্টার (Westchester)।

পটকা, বোতল রকেট, রোমান ক্যান্ডল, স্পিনার, এবং অ্যারিয়াল ডিভাইসের মতো আতশবাজি এবং বিপজ্জনক আতশবাজি পুরো স্টেটে অবৈধ, তবে আইন অনুযায়ী অনুমতি পাওয়া অনুমোদিত ব্যক্তিদের করা ডিসপ্লের জন্য অবৈধ না।

স্পার্কলিং ডিভাইসের নিরাপদ ব্যবহারের পরামর্শ:

- শিশু এবং স্পার্কলার্স ভালো সংমিশ্রণ নয়। কখনো ছোট শিশুদের স্পার্কলারসহ সহজে জ্বলে উঠতে পারে এমন কিছু দিয়ে খেলতে বা জ্বালাতে দিবেন না। স্পার্কলার্স প্রায় 2,000 ডিগ্রি ফারেনহাইট তাপমাত্রায় পুড়ে। এটি অনেক ধাতু গলিয়ে ফেলার জন্য যথেষ্ট তাপ।
- কোনও মানুষ, প্রাণী, যানবাহন, কাঠামো বা দহনযোগ্য বস্তুর দিকে স্পার্কলার নিক্ষেপ বা নির্দেশিত করবেন না। সর্বদা প্যাকেটের নির্দেশনা অনুসরণ করুন।
- সতর্কতা হিসেবে কাছেই পানির সরবরাহ রাখুন।
- স্পার্কলিং ডিভাইস জ্বালানো ব্যক্তি যাতে সর্বদা চোখের সুরক্ষার জন্য কিছু পরিধান করে তা নিশ্চিত করুন।
- একবারে একটি করে স্পার্কলিং ডিভাইস জ্বালান এবং কখনো "একটি ব্যর্থ" ডিভাইস আবার জ্বালানোর চেষ্টা করবেন না।
- সর্বদা ঘরের বাইরে স্পার্কলিং ডিভাইস ব্যবহার করুন। ঘরের ভেতরে কখনো স্পার্কলার জ্বালাবেন না।
- একটি ঠাণ্ডা, শুষ্ক স্থানে শিশু ও পোষা প্রাণীদের থেকে দূরে স্পার্কলিং ডিভাইস রাখুন।
- অ্যালকোহল পান করে মাতাল অবস্থায় আতশবাজি ব্যবহার করবেন না।

যদিও আঘাত প্রতিরোধ করার সেরা উপায় হলো অবৈধ আতশবাজির ব্যবহার এড়িয়ে চলা, তবে পেশাদার আতসবাজির প্রদর্শনী দেখার সময়েও মানুষ সতর্কতা অবলম্বন করতে পারে। এর মধ্যে রয়েছে শ্রবণশক্তিকে সুরক্ষিত রাখতে ইয়ারপ্লাগ ব্যবহার করা, নিক্ষেপের স্থান থেকে একটি নিরাপদ দূরত্ব বজায় রাখা, এবং পোষা প্রাণীকে বাড়িতে রেখে যাওয়া। আপনার পোষা প্রাণী যদি বাড়িতে আতশবাজির আশেপাশে উদ্বিগ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে তাদের সুরক্ষিত এবং স্বাচ্ছন্দ্যে রাখার উপায়ের জন্য আপনার পশুচিকিৎসকের সাথে কথা বলুন।

প্রত্যয়িত স্থায়ী এবং বিশেষ খুচরা বিক্রেতা বছরে শুধু 1 জুন থেকে 5 জুলাই পর্যন্ত স্পার্কলিং ডিভাইস বিক্রি করতে পারবে এবং প্রত্যয়িত অস্থায়ী স্ট্যান্ড বা তাঁবু শুধু 20 জুন থেকে 5 জুলাই পর্যন্ত স্পার্কলিং ডিভাইস বিক্রি করতে পারবে। নিবন্ধিত স্পার্কলিং ডিভাইসের বিক্রেতাদের একটি তালিকা এবং আতশবাজির দ্বার আহত হওয়া এড়ানো সম্পর্কে একটি ভিডিও এখানে দেখা যাবে।

শিশু ও কিশোরদের স্পার্কলিং ডিভাইসের জ্বলে না এমন বিকল্প দেওয়ার জন্য প্রাপ্তবয়স্কদেরকে উৎসাহিত করা যাচ্ছে, গ্লো স্টিক এবং LED পণ্যের মতো এই বিকল্প সহজেই বেশিরভাগ খুচরা বিক্রির দোকানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্কের ডিপার্টমেন্ট অব স্টেটকে Facebook, X এবং Instagram-এ ফলো করুন এবং নিউ ইয়র্কের ভোক্তাদেরকে অনেক বিষয় নিয়ে শিক্ষা দেওয়া ও ক্ষমতায়ন করার আরো কার্যকর পরামর্শ পেতে প্রতি মঙ্গলবারে তা দেখুন। সরাসরি আপনার ইমেইলে অথবা ফোনে ভোক্তার অ্যালার্ট পেতে সাইন আপ করুন।

কোনো ভোক্তা নিজ উদ্যোগে নিষ্পত্তিতে পৌঁছাতে ব্যর্থ হলে একজন ভোক্তার এবং একটি ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে মধ্যস্থতা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগ

স্বেচ্ছামূলক দায়িত্ব পালন করে থাকে। কনজিউমার অ্যাসিস্টেন্স হেল্পলাইন (1-800-697-1220) স্টেটের ছুটির দিন বাদে সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত খোলা থাকে, এবং dos.ny.gov/consumerprotection-এ ভোক্তাদের অভিযোগ যেকোনো সময় জমা দেওয়া যাবে। এছাড়াও X-এ @NYSConsumer বা Facebook-এ ডিভিশনের সাথে যোগাযোগ করা যাবে।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, সাড়াদান, ও পুনরুদ্ধারের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-এর Facebook পেজ ভিজিট করুন, X-এ @NYSDHSES ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য আপনি যে কাউন্টি বা বরোতে বাস করছেন তার নাম 333111-এ টেক্সট করুন। আরো জানুন dhses.ny.gov/emergency-alerts-এ।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ 1901 সাল থেকেই নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য, নিরাপত্তা, এবং সুস্থতার তত্ত্বাবধান করছে, যার মধ্যে টিকা থেকে শুরু করে সংক্রামক ব্যাধির প্রতিরোধ এবং চিকিৎসার জন্য অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে বিজ্ঞানের নতুন বিকাশ পর্যন্ত রয়েছে। বর্তমান সময়ের নতুন জনস্বাস্থ্য সমস্যা এবং পরিবর্তন হতে থাকা হেলথ কেয়ার সিস্টেমের জন্য স্বাস্থ্য সমতা হলো সকল মানুষকে সম্ভাব্য সেরা শারীরিক, মানসিক, এবং সামাজিক সুস্থতা অর্জন করতে সাহায্য করার জন্য আমরা যা করি তার সব কিছুর ভিত্তি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন